

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

গোপনীয়

Bangladesh Water Development Board

শৃংখলা পরিদপ্তর

পানি ভবন (লেভেল-৭)

৭২, গ্রীণরোড, ঢাকা-১২০৫।

ফোনঃ ০২২২২২৩০০৭৬



Directorate of Discipline

Pani Bhaban (Level-7)

72, Green Road, Dhaka-1205

Phone-02222230076

dir.discipline.bwdb@gmail.com

নং-৭৮-পাউবো/শৃং/শা-২/অভি(গ)-১৭/২০২০

তারিখঃ ০৭-১২-১৪২৯ বঙ্গাব্দঃ

২১-০৩-২০২৩ খ্রিঃ

দপ্তরাদেশ

জনাব মোঃ নজরুল ইসলাম, সাবেক গেজ পাঠক, উত্তরাঞ্চলীয় পরিমাপ বিভাগ, বাপাউবো, পাবনা বর্তমানে গেজ পাঠক, নওগাঁ পানি বিজ্ঞান শাখা, বাপাউবো, নওগাঁ এর বিরুদ্ধে বাপাউবোর্ডে চাকরি দেয়ার নামে প্রতারণা করে বাদী জনাব মোঃ শওকত হোসেনের নিকট হতে ননজুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামায় স্বাক্ষর করে নগদ ৬ (ছয়) লক্ষ টাকা করে মোট ১২,০০,০০০/- (বার লক্ষ) টাকা গ্রহণ করেন। পরবর্তীতে উক্ত টাকা পরিশোধে অস্বীকার করায় বাদী আদালতের শরণাপন্ন হলে বিজ্ঞ সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালত নং-৩, নওগাঁ কর্তৃক জনাব মোঃ নজরুল ইসলাম, গেজ পাঠককে ০১(এক) বছর ০৬ (ছয়) মাসের সশ্রম কারাদণ্ড ও ৫,০০০/= (পাঁচ হাজার) টাকা অর্থ দণ্ড প্রদান, অনাদায়ে আরও ৩(তিন) মাসের বিনাশ্রম কারাদণ্ড প্রদান করায় অত্র দপ্তরের স্মারক নং-৯৭-পাউবো/শৃং/শা-২/অভি(গ)-১৭/২০২০ তারিখঃ ৩১/০৩/২০২২ খ্রিঃ মোতাবেক আদালত প্রদত্ত রায়ের তারিখ অর্থাৎ ২৭/০৯/২০২০ খ্রিঃ তারিখ হতে বোর্ডের চাকরি হতে বরখাস্ত দণ্ড আরোপ করা হয়।

২। অতঃপর জনাব মোঃ নজরুল ইসলাম, গেজ পাঠক সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আমলী আদালত, নওগাঁ এর আদেশের বিরুদ্ধে বিজ্ঞ অতিরিক্ত জেলা ও দায়রা জজ আদালত, নওগাঁ বরাবর আপিল মামলা নং- ১৭২/২০২০ দায়ের করায় মাননীয় আদালত দীর্ঘ শুনানী অন্তে ইতোপূর্বে বিজ্ঞ সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আমলী আদালত, নওগাঁ কর্তৃক ০১(এক) বছর ০৬ (ছয়) মাসের সশ্রম কারাদণ্ড ও ৫,০০০/= (পাঁচ হাজার) টাকা অর্থ দণ্ড প্রদান, অনাদায়ে আরও ৩(তিন) মাসের বিনাশ্রম কারাদণ্ড প্রদান হতে তাকে বেকসুর খালাস প্রদান পূর্বক রায় প্রদান করেন। পরবর্তীতে বিষয়টির উপর বোর্ডের আইন বিভাগের মতামত প্রাপ্তির পর পর্যালোচনান্তে পেশ করা হলে কর্তৃপক্ষ কর্তৃক আদালত প্রদত্ত রায়ের তারিখ অর্থাৎ ২৭/০৯/২০২০ খ্রিঃ তারিখ হতে তাকে বাপাউবোর্ডের চাকরিতে পূনর্বহাল করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং বেতন ভাতাদির টাকা তিনি সম্পূর্ণরূপে প্রাপ্য হবেন ও উক্ত অনুপস্থিতিকালে কর্তব্যরত ছিলেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। অতএব, কর্তৃপক্ষের উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে এতদ্বারা জনাব মোঃ নজরুল ইসলাম, গেজ পাঠক, নওগাঁ পানি বিজ্ঞান শাখা, বাপাউবো, নওগাঁকে আদালত প্রদত্ত রায়ের তারিখ অর্থাৎ ২৭/০৯/২০২০ খ্রিঃ তারিখ হতে তাকে বাপাউবোর্ডের চাকরিতে পূনর্বহাল করা হলো এবং বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৫৭(২) মোতাবেক বেতন ভাতাদির টাকা সম্পূর্ণরূপে প্রাপ্য হবেন এবং উক্ত অনুপস্থিতিকালে কর্তব্যরত ছিলেন বলে গণ্য করা হলো।

৪। এতে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।

নোমান ফরিদ
(মোঃ নোমান ফরিদ)

পরিচালক


পরিচিতি নম্বর-৬৬০৮০৫০০২

নং-৭৮(৯)-পাউবো/শৃং/শা-২/অভি(গ)-১৭/২০২০

তারিখঃ ০৭-১২-১৪২৯ বঙ্গাব্দঃ
২১-০৩-২০২৩ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

- ১। প্রধান প্রকৌশলী, পানি বিজ্ঞান, বাপাউবো, ৭২, গ্রীন রোড, ঢাকা।
- ২। পরিচালক, কর্মচারী/হিসাবরক্ষণ/অডিট/অর্থ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
- ৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর/ভূ-পরিস্থ পানি বিজ্ঞান সার্কেল, বাপাউবো, ৭২, গ্রীণ রোড, ঢাকা।
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
- ৫। সি,এস,ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
- ৬। নির্বাহী প্রকৌশলী, উত্তরাঞ্চলীয় পরিমাপ বিভাগ, বাপাউবো, পাবনা।
- ৭। হিসাবরক্ষণ অফিসার, পাবনা আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, পাবনা।
- ৮। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাপাউবো, ঢাকা।
- ৯। জনাব মোঃ নজরুল ইসলাম, গেজ পাঠক, নওগাঁ পানি বিজ্ঞান শাখা, বাপাউবো, নওগাঁ।


(মুঃ নূরুল আমীন) ২১/৩/২০২৬
উপ পরিচালক (অঃদাঃ)
পরিচিতি নম্বর-৭০০৬১৬০০১